ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন)-এর ধারা ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনামঃ (১) এই বিধিমালা ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। প্রয়োগঃ এই বিধিমালা সকল উৎপাদনকারী, ব্যবসায়ী বা দোকানদার, মজুদকারী, পরিবহনকারী, মেরামতকারী, সংগ্রহ কেন্দ্র ব্যবস্থাপনাকারী, চূর্ণকারী, পুনঃব্যবহারোপোযোগীকরণকারী, নিলাম বিক্রেতা, রপ্তানিকারক, ভোক্তা বা বড় ব্যবহারকারী ভোক্তা যাহারা তফসিল-১ এ বর্ণিত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদন, বিপণন, ক্রয়, বিক্রয়, আমদানী, রপ্তানি, মজুদ, গবেষণাগারে গবেষণার জন্য মজুদ, পরিত্যজন, মেরামত, প্রক্রিয়াজাতকরণ এবং পরিবহন বা এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের সহিত জড়িত তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এই বিধিমালার কোনো বিধানই নিম্নরূপ ক্ষেত্রে প্রয়োগ হইবে না। যথা-

১) তেজস্ক্রিয় বর্জ্য যাহা পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সালের ১৯ নং আইন) এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৭ (এসআরও নম্বর-২০৫-ল/৯৭) দ্বারা নিয়ন্ত্রিত।

৩। সংজ্ঞা ঃ- বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়-

(ক) **"অধিদপ্তর"** অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন উল্লিখিত পরিবেশ অধিদপ্তর;

(খ) **''নিবন্ধন''** অর্থ বিধি ১২-এর উপবিধি (২)-এর অধীন **নিবন্ধিত** ই-বর্জ্য উৎপাদন, পরিচালনা, সংগ্রহ, গ্রহণ, মজুদ, পরিবহন, প্রক্রিয়াকরণ, পুনঃব্যবহারোপযোগীকরণ, চূর্ণকরণ, পুনঃচক্রায়ন এবং পরিত্যজন বা ধ্বংসকরণের জন্য প্রস্তুতকারক, চূর্ণকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারী এবং মেরামতকারীকে প্রদত্ত **নিবন্ধন;**

(গ) **"অজ্ঞাতনামা পণ্য"** অর্থ প্রস্তুতকারকের নামবিহীন বা স্থানীয়ভাবে সংযোজিত ইলেকট্রিক বা ইলেকট্রনিক পণ্য অথবা যে সকল পণ্যের প্রস্তুতকারী এখন আর উক্ত পণ্য প্রস্তুত করে না।

(ঘ) **"আইন"** অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন);

(ঙ) **''ইলেকট্রিক্যাল এবং/অথবা ইলেকট্রনিক পণ্য''** অর্থ এ বিধিমালার তফসিল-১ এ বর্ণিত এমন পণ্য যাহার উৎপাদন, হস্তান্তর এবং পরিমাপ সংক্রান্ত কার্যকলাপ বিদ্যুৎ শক্তি এবং বিদ্যুৎ চৌম্বক ক্ষেত্রের উপর নির্ভর করে পরিচালিত হয়;

(চ) **''ই-বর্জ্য''** অর্থ যেসব ইলেকট্রিক্যাল এবং**/অথবা** ইলেকট্রনিক সামগ্রীর অর্থনৈতিক জীবন শেষ হইয়া গিয়াছে অথবা ব্যবহারকারীর কাছে যার মূল্য বা প্রয়োজন শেষ হইয়া গিয়াছে অথবা যখন আর ব্যবহৃত হইবে না বা ব্যবহার উপযোগিতা থাকে না বা উৎপাদন প্রক্রিয়ায় বাদ পড়িয়াছে বা অপ্রয়োজনীয় বিবেচনায় ফেলিয়া দেয়া হয় এমন ইলেকট্রিক্যাল এবং**/অথবা** ইলেকট্রনিক পণ্য যাহা তফসিল- ২ এর অন্তর্ভূক্ত;

(ছ) **''ই-বর্জ্যের পরিবেশসম্মত ব্যবস্থাপনা''** অর্থ ই-বর্জ্য ব্যবস্থাপনায় গৃহীত প্রয়োজনীয় সকল পদক্ষেপ যথা ই-বর্জ্য সংগ্রহ, পরিবহন, পুনঃপ্রক্রিয়াজাতকরণ, পুনঃব্যবহার এবং পরিত্যজন বা ধ্বংসকরণের সমন্বিত প্রক্রিয়া যাহা পরিবেশ এবং জনস্বাস্থ্যকে ই-বর্জ্যের বিরূপ প্রভাব থেকে রক্ষা করিবে;

(জ) **''অর্থ প্রণোদনা''** অর্থ একটি কার্যক্রম, যাহার আওতায় ভোক্তা কর্তৃক মেয়াদোত্তীর্ণ/অব্যবহৃত/অকেজো ই-পণ্যটি ফেরত দেয়ার সময় বিক্রেতা/কোম্পানী/প্রস্তুতকারক/সংযোজনকারী ভোক্তাকে নির্দিষ্ট অর্থ প্রণোদনা হিসেবে প্রদান করিবে;

(ঝ) **''চূর্ণকারী (dismantler)''** অর্থ যেকোনো ব্যক্তি যিনি পরিত্যাক্ত বা ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা ইহার অংশবিশেষ ভাঙার কাজে নিয়োজিত।

(ঞ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন তফসিল;

(ট) **''নিলাম বিক্রয় (auction)''** অর্থ ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা পণ্যের অংশবিশেষ টেন্ডার, নিলাম, ব্যক্তিগত চুক্তির মাধ্যমে ব্যক্তি, কোম্পানি বা সরকারি কোনো বিভাগের দ্বারা বিক্রয়;

(ঠ) **''প্রকৃত লক্ষ্যমাত্রা''** অর্থ এই বিধিমালার তফসিল ৫ এ বর্ণিত লক্ষ্যমাত্রা;

(ড) **পুনঃপ্রক্রিয়াজাতকারী (recycler)''** অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বা যাহারা পুনঃব্যবহারোপযোগী ও পুনরুদ্ধারের জন্য ই-বর্জ্যের প্রক্রিয়াজাতকরণে নিয়োজিত;

(ঢ) **''প্রস্তুতকারক''** অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি-

১) নিজস্ব ব্র্যান্ডের অধীন ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদন, বিক্রয়, মজুদ ও বিপণন করিয়া থাকে।

২) অন্য কোনো প্রস্তুতকারকের বা সরবরাহকারীর ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য নিজ ব্র্যান্ডের অধীন উৎপাদন, বিক্রয়, মজুদ ও বিপণন করিয়া থাকে। এবং

''সংযোজনকারী ''অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি নিজস্ব ব্র্যান্ডের অধীন ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য সংযোজন, বিক্রয়, মজুদ ও বিপণন করিয়া থাকে।

(ণ) **''প্রস্তুতকারকের সম্প্রসারিত দায়িত্ব''** অর্থ যে কোনো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারকের এমন দায়িত্ব যাহা পণ্য উৎপাদন ছাড়াও পণ্যটির কার্যকরী জীবন শেষ হওয়ার পর অথবা অব্যবহৃত ই-পণ্যের পরিবেশসম্মত সুষ্ঠু ব্যবস্থাপনা করা;

(ত) **''প্রস্তুতকারকের সম্প্রসারিত দায়িত্ব অনুমোদন''** অর্থ পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অনুমোদন যাহার আওতায় প্রস্তুতকারকের প্রসারিত দায়িত্ব পালনের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিকল্পনা এবং লক্ষ্যমাত্রাসহ প্রস্তুতকারীর বিশদ দায়িত্ব এবং ই-বর্জ্য বিনিময় সংক্রান্ত বিষয়াদি উক্ত অনুমোদনে উল্লেখ থাকিবে;

(থ) **''প্রস্তুতকারকের সম্প্রসারিত দায়িত্ব পরিকল্পনা''** অর্থ পরিবেশ অধিদপ্তরের নিকট প্রস্তুতকারক কর্তৃক দাখিলকৃত পরিকল্পনা, যাহা প্রস্তুতকারক কর্তৃক প্রস্তুতকারকের সম্প্রসারিত দায়িত্ব অনুমোদন এবং আবেদনের সময় দাখিল করিতে হয়। উক্ত পরিকল্পনায় প্রস্তুতকারক কর্তৃক যে পদ্ধতিতে স্থিরকৃত লক্ষ্য অর্জন করিবে তারও উল্লেখ থাকিবে।

(দ) **''প্রস্তুতকারক কর্তৃক দায়িত্ব প্রদানকৃত/প্রাপ্ত প্রতিষ্ঠান''** অর্থ একটি পেশাজীবী প্রতিষ্ঠান, যাহা স্বতন্ত্রভাবে বা যৌথভাবে প্রস্তুতকারক কর্তৃক অনুমোদন বা আর্থিক সহায়তার প্রেক্ষিতে ই-বর্জ্য সংগ্রহ এবং সুনির্দিষ্ট ধাপে/চ্যানেলে মেয়াদোত্তীর্ণ পণ্যের পরিবেশসম্মত ব্যবস্থাপনা নিশ্চিত করিবে;

(ধ) **''পুরাতন বর্জ্য''** অর্থ ঐ সকল ই-বর্জ্য যাহা এই বিধিমালা কার্যকর হইবার পূর্ব হইতে বাজারে বা পরিবেশে বিদ্যমান রহিয়াছে;

(ন) **''পরিবহনকারী (transporter)''** অর্থ কোনো ব্যক্তি যিনি আকাশ, রেল, সড়ক বা পানিপথে ই-বর্জ্য বহন **করিবে;**

(প) **"ফর্ম"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন ফর্ম;

(ফ) **"ই-বর্জ্য ব্যবস্থাপনা স্থান"** অর্থ যেখানে ই-বর্জ্য সৃজন, গ্রহণ, প্রক্রিয়াকরণ, গুদামজাতকরণ, পরিত্যজন বা ই-বর্জ্য হইতে নির্দিষ্ট কোনো বস্তু পুনরুদ্ধার সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা হয়;

(ব) **''ব্যক্তি''** অর্থ কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ এবং সংবিধিবদ্ধ হউক বা না হউক, কোনো কোম্পানি, সমিতি বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ভ) **''বড় ব্যবহারকারী ভোক্তা (bulk consumer)''** অর্থ ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের অধিক ব্যবহারকারী যেমন - মন্ত্রণালয়, সরকারি অধিদপ্তর, বহুজাতিক কোম্পানি, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি কোম্পানি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান যাহা ১৯৯৪ সালের কোম্পানি আইনের অধীন নিবন্ধিত;

(ম) **''ব্যবসায়ী বা দোকানদার (dealer)''** অর্থ যেকোনো ব্যক্তি যিনি ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বিক্রয় করিয়া থাকেন বা কোনো ভোক্তা, অধিক ব্যবহারকারী, অন্যান্য ব্যবসায়ী বা প্রস্তুতকারকের পক্ষে খুচরা বিক্রেতাদের নিকট হইতে ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক বর্জ্য ফেরত নিয়া থাকেন;

(য) **"টেলিযোগাযোগ যন্ত্রপাতি ব্যবহারকারী"** অর্থ টেলিযোগাযোগ সেবা সংক্রান্ত যে কোন ধরণের টেলিযোগাযোগ যন্ত্র ব্যবহারকারী প্রতিষ্ঠান। সকল মোবাইল অপারেটরসহ অন্যান্য টেলিযোগাযোগ সেবাদানকারী প্রতিষ্ঠান এই সংজ্ঞার আওতায় পড়বে এবং তফসিল ১-এর ক্রমিক নং-৫ এর টেলিযোগাযোগ যন্ত্রপাতির জন্য প্রযোজ্য হবে।

(ল) **''বিরূপ প্রভাব (Adverse effect)''** অর্থ পরিবেশ সংরক্ষণ বিধিমালা অনুযায়ী পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থা, জনস্বার্থ ও জনস্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব;

(শ) **''ভোক্তা (consumer)''** অর্থ অধিক ব্যবহারকারীগণসহ যেকোনো ব্যক্তি যাহারা ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য ব্যবহার করিয়া থাকে;

(ষ) **''মজুদ''** অর্থ কোনো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) পরবর্তীতে ব্যবহার বা অন্যত্র প্রেরণ বা অপসারণ বা পরিত্যাজনের উদ্দেশ্যে এক স্থানে জমা করিয়া রাখা;

(স) **''মজুদকারী''** অর্থ কোনো ব্যক্তি যিনি বা যাহারা ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) পরবর্তীতে ব্যবহারের বা অন্যত্র প্রেরণ বা অপসারণ বা পরিত্যজনের উদ্দেশ্যে এক স্থানে জমা করিয়া রাখেন;

(হ) **''মেরামত (refurbishment)''** অর্থ ব্যবহৃত বা পুরাতন ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য পুনরায় ব্যবহার ও বাজারে বিক্রয়ের জন্য মেরামত করা;

''মেরামতকারী (refurbisher)'' অর্থ কোনো ব্যক্তি যিনি মেরামত কাজে নিয়োজিত;

(৭) **''রপ্তানি''** অর্থ কোনো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) বাংলাদেশের অভ্যন্তর হইতে বাহিরে লইয়া যাওয়া; এবং

''রপ্তানিকারক'' অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বা যাহারা কোন দেশ বা দেশের অধীন স্থান হইতে ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) অন্য দেশে রপ্তানি করেন এবং যে দেশ বা দেশের অধীন কোন স্থান হইতে রপ্তানি করা হয় সেই দেশও রপ্তানিকারক বলিয়া গণ্য হইবে;

(ং) **''লক্ষ্যমাত্রা''** অর্থ প্রস্তুতকারকের সম্প্রসারিত দায়িত্ব পূরণকল্পে প্রস্তুতকারক কর্তৃক যে পরিমাণ ই-বর্জ্য সংগ্রহ করা হইবে।

(ঃ) **''সংগ্রহ কেন্দ্র (collection centre)''** অর্থ ই-বর্জ্য সংগ্রহের নিমিত্তে ব্যক্তিগত বা যৌথভাবে অথবা প্রাতিষ্ঠানিকভাবে স্থাপিত কেন্দ্র;

৪। **প্রস্তুতকারক বা সংযোজনকারীর দায়িত্ব**।- প্রস্তুতকারক বা সংযোজনকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ-

১) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতের সময় উৎপাদিত যেকোনো ই-বর্জ্য পুনঃব্যবহারোপযোগী বা ধ্বংস করার নিমিত্তে সংগ্রহ করিবে;

২) ই-বর্জ্য ব্যবস্থাপনা প্রক্রিয়ার স্থানাদির জন্য সরবরাহকৃত সকল ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যে দেশের কোড, ক্রমিক নম্বরসহ কোম্পানি কোড বা ব্যক্তিগত পরিচয় ব্যবহার নিশ্চিত করিবে;

৩) ধ্বংসপ্রাপ্ত পণ্য থেকে উৎপাদিত ই-বর্জ্য নিবন্ধিত মেরামতকারী, চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারী বরাবর সরবরাহ নিশ্চিত করিবে;

৪) ফ্লুরোসেন্ট এবং মারকারী যুক্ত ল্যাম্পসমূহের ক্ষেত্রে যেখানে পুনঃচক্রায়নকারী পাওয়া যায়না সেক্ষেত্রে উক্ত ই-বর্জ্য মজুদ এবং নিষ্পত্তি সুবিধার (disposal facility) লক্ষ্যে সংগ্রহ কেন্দ্রে সরবরাহ নিশ্চিত করিবে;

৫) ধ্বংসপ্রাপ্ত সকল ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য রাখার জন্য ব্যক্তিগত পর্যায়ে বা সমন্বিতভাবে সংগ্রহ কেন্দ্র স্থাপন করিবে;

৬) ধ্বংসপ্রাপ্ত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য থেকে উৎপন্ন ই-বর্জ্যের পরিবেশসম্মত সুষ্ঠু ব্যবস্থাপনার খরচ পরিচালনার জন্য অর্থায়নের ব্যবস্থা রাখা। অর্থায়নের এ ব্যবস্থা স্বচ্ছ হওয়া বাঞ্ছনীয়। এইরূপ ব্যবস্থা প্রস্তুতকারক ব্যক্তিগত বা যৌথ উদ্যোগে করিতে পারিবে;

৭) ই-বর্জ্যসমূহ মজুদ এবং পরিবহনের সময় পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার যাহাতে কোন ধরনের ক্ষতি সাধিত না হয় বা ক্ষতি সংঘটনের সুযোগ না থাকে, সে লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে প্রণীত নির্দেশিকা অনুসরণ করা হইবে মর্মে নিশ্চয়তা প্রদান করিতে হইবে

৮) ব্যবহৃত বা পুরাতন বা অকেজো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য সঠিকভাবে ব্যবস্থপনার সুবিধার্থে ব্যবসায়ী বা দোকানদার এবং নিবন্ধিত সংগ্রহ কেন্দ্রের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল নম্বর ইত্যাদি পণ্যের গায়ে বা মোড়কের গায়ে অথবা ভোক্তা ও বড় ব্যবহারকারীগণের নিকট সরবরাহ করিবে;

৯) নিম্নবর্ণিত বিষয়ে প্রকাশনা, লিফ লেট, তথ্য সম্বলিত বুকলেট, বিজ্ঞাপন পোস্টার এবং ডিজিটাল পদ্ধতি (ওয়েবসাইট, ইমেইল, এসএমএস ইত্যাদি) এর মাধ্যমে সচেতনতা সৃষ্টি করিবে-

(ক) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা পদার্থের বিপদজনক উপাদানসমূহের তথ্য;

(খ) ই-বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা, চূর্ণ বা পরিত্যাগ না করা বা পুনঃব্যবহারোপযোগী না করার ঝুঁকি সম্পর্কীয় তথ্য যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা অনুযায়ী পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থা, জনস্বার্থ ও জনস্বাস্থ্যের ক্ষতি সাধন করিতে পারে।

১০) বিধি ১২ অনুযায়ী পরিবেশ অধিদপ্তর হইতে নিবন্ধন গ্রহণ করিবে;

১১) ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নথি সংরক্ষণ করা যা যথাযথ কর্তৃপক্ষ চাহিলে উপস্থাপন করিবে।

১২) প্রত্যেক প্রস্তুতকারক বা সংযোজনকারী এই বিধিমালার নির্ধারিত ফরম-২ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে ই-বর্জ্য সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে।

৫। **প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্ব**।- প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্ব হইবে নিম্নরূপ-

১) ব্যক্তিগত ভোক্তা/প্রাতিষ্ঠানিক ভোক্তা কর্তৃক তফশিল ২-এ উল্লিখিত ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক মেয়াদোত্তীর্ণ/অব্যবহৃত/অকেজো পণ্য/যন্ত্রপাতি ফেরত দেয়ার সময় বিক্রেতা/প্রস্তুতকারক/সংযোজনকারী ভোক্তাকে সময় সময় সরকার কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট অর্থ প্রণোদনা হিসেবে প্রদান করিতে হইবে;

২) প্রত্যেক প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্বের জন্য বিধি ১২ অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে নিবন্ধনের আবেদনের সময় ই-বর্জ্য ব্যবস্থাপনার নিমিত্ত প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্বের পরিকল্পনা (Plan)

ফরম-৩ অনুযায়ী দাখিল করিবে। উক্ত পরিকল্পনায় প্রত্যেক প্রস্তুতকারক/সংযোজনকারী কর্তৃক বছরে কী পরিমাণ উৎপন্ন ই-বর্জ্য চূর্ণকরণ বা পুন:ব্যবহারের উদ্দেশ্যে সংগ্রহ করা হইবে তার একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করিতে হইবে। উক্ত ই-বর্জ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তি হইবে বিগত বছরে যে পরিমান ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বাজারে ছাড়া হইয়াছে তার গড় জীবন/গড় স্থায়িত্ব বিবেচনায়;

৩) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রত্যেক প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্বের অনুমোদনের সময় প্রকৃত লক্ষ্যমাত্রা তফশিল-৩ অনুযায়ী নির্দিষ্ট করিয়া দেওয়া হইবে;

৪) পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর কর্তৃক দৈব পর্যবেক্ষণের মাধ্যমে যদি প্রতীয়মান হয় যে প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্ব অনুমোদনের শর্ত বা এই বিধিমালার অধীন কোন শর্ত পালনে ব্যর্থ হয়েছে সেক্ষেত্রে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদানের পর এবং লিখিতভাবে উহার কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্বের অনুমোদন (যাহা জনস্বার্থে প্রয়োজনীয় মনে করিয়া এই বিধিমালার অধীনে নিবন্ধিত) স্থগিত বা বাতিল করিতে পারিবে;

৫) পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশসম্মতভাবে ই-বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে এই বিধিমালায় আরোপিত শর্তসহ প্রস্তুতকারকের/সংযোজনকারীর সম্প্রসারিত দায়িত্বের অনুমোদন প্রাপ্তদের একটি অনলাইন বা শুধু রেজিষ্টার সংরক্ষণ করিতে হইবে।

৬। **মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদারের দায়িত্ব**।- এই বিধিমালার বিধান সাপেক্ষে ই-বর্জ্য মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদারের দায়িত্ব হইবে নিম্নরূপ-

১) প্রত্যেক মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদার এই বিধিমালার ফরম- ৪ অনুযায়ী নিবন্ধনের জন্য পরিবেশ অধিদপ্তর বরাবর আবেদন করিবে। পরিবেশ অধিদপ্তর নিম্নোক্ত বিষয় বিবেচনা সাপেক্ষে নিবন্ধন প্রদান করিবে-

(ক) পরিবেশ অধিদপ্তর যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী পরিবেশ অধিদপ্তরের প্রয়োজনীয় শর্ত পূরণ করিয়াছে এবং নিবন্ধন প্রদানে কোনো বাধা নাই তবে পরিবেশ অধিদপ্তর ৩০ দিনের মধ্যে নিবন্ধন কার্যক্রম নিস্পন্ন করিবে। উল্লেখ্য যে, নিবন্ধিত মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদার এর নবায়নের প্রয়োজন হবেনা তবে পরিবেশ অধিদপ্তর মনে করিলে পুনরায় নিবন্ধনের আবেদন করিতে হইবে;

(খ) নিবন্ধিত মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদার ই-বর্জ্য সংগ্রহ সংক্রান্ত বিস্তারিত বর্ণনা সাপেক্ষে পরিবেশ অধিদপ্তরে বাৎসরিক প্রতিবেদন দাখিল করিবে অন্যথায় এইরূপ ব্যর্থতার অভিযোগে পরিবেশ অধিদপ্তর তাহার নিবন্ধন বাতিল করিতে পারিবে। তবে, এইরূপ ব্যর্থতার যথাযথ কারণ দর্শানোর সুযোগ না দিয়া পরিবেশ অধিদপ্তর নিবন্ধন বাতিল করিবে না।

৩) প্রত্যেক মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদার ইহা নিশ্চিত করিবে যে প্রস্তুতকারকের নিকট হইতে ই-বর্জ্য নিরাপত্তার সহিত সংগ্রহ করিয়াছে এবং নিরাপদ পরিবহনের সাহায্যে অনুমোদিত সংগ্রহ কেন্দ্রে পরিবহন করিয়াছে;

৪) প্রত্যেক মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদার এই বিধিমালার নির্ধারিত ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ করিবে এবং যথাযথ কর্তৃপক্ষের পর্যবেক্ষণের জন্য তাহা সহজলভ্য করিবে।

৭। **মেরামতকারীর দায়িত্বঃ** এই বিধিমালার বিধান সাপেক্ষে মেরামতকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ-

১) প্রত্যেক মেরামতকারী মেরামত প্রক্রিয়ায় উৎপন্ন ই-বর্জ্য সংগ্রহ করিবে এবং তাহা অনুমোদিত সংগ্রহ কেন্দ্রে প্রেরণ করিবে;

২) প্রত্যেক মেরামতকারী এই বিধিমালার ফরম-৪ অনুযায়ী নিবন্ধনের জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে আবেদন করিবে। বিভাগীয় অফিস নিম্নোক্ত বিষয় বিবেচনা সাপেক্ষে নিবন্ধন প্রদান করিবেন-

(ক) পরিবেশ অধিদপ্তর যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী পরিবেশ অধিদপ্তরের প্রয়োজনীয় শর্ত পূরণ করিয়াছে এবং নিবন্ধন প্রদানে কোনো বাধা নাই তবে পরিবেশ অধিদপ্তর ৩০ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করিবে। তবে নিবন্ধিত মেরামতকারীর নবায়নের প্রয়োজন হইবে না;

(খ) নিবন্ধিত মেরামতকারী ই-বর্জ্য উৎপাদন সংক্রান্ত বিস্তারিত তথ্য পরিবেশ অধিদপ্তরে বাৎসরিক ভিত্তিতে দাখিল করিবে অন্যথায় এইরূপ তথ্য সরবরাহের ব্যর্থতার অভিযোগে পরিবেশ অধিদপ্তর তাহার নিবন্ধন বাতিল করিতে পারিবে। তবে, এইরূপ ব্যর্থতার যথাযথ কারণ দর্শানোর সুযোগ না দিয়া পরিবেশ অধিদপ্তর নিবন্ধন বাতিল করিবে না।

৩) প্রত্যেক মেরামতকারী ইহা নিশ্চিত করিবে যে সংগৃহীত ই-বর্জ্য পরিবেশসম্মতভাবে নিরাপদে অনুমোদিত সংগ্রহ কেন্দ্রে বা নিবন্ধিত পুনঃব্যবহারোপযোগীকরণকারীর নিকট সরবরাহ করা হইয়াছে;

৪) প্রত্যেক মেরামতকারী এই বিধিমালার নির্ধারিত ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য পরিচালনা সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ করিবে এবং চাহিবামাত্র যথাযথ কর্তৃপক্ষের পর্যবেক্ষণের জন্য তাহা উপস্থাপন করিবে।

৮। **সংগ্রহ কেন্দ্রের দায়িত্বসমূহ-** এই বিধিমালার বিধান সাপেক্ষে কোনো ব্যক্তি যিনি ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক বা যৌথভাবে সংগ্রহ কেন্দ্র পরিচালনা করিতেছেন তাঁহার দায়িত্ব হইবে নিম্নরূপ-

১) এই বিধিমালার বিধান-১২ অনুযায়ী পরিবেশ অধিদপ্তর হইতে অনুমোদন গ্রহণ করা এবং সংগ্রহ কেন্দ্রের বিস্তারিত তথ্য যেমন ঠিকানা, টেলিফোন ও হেল্পলাইন নম্বর, ই-মেইল ইত্যাদি জনসাধারণের নিকট সরবরাহ করিবে;

২) প্রস্তুতকারক, সংযোজনকারী বা মেরামতকারী বা নিবন্ধিত চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারীর নিকট পাঠানোর পূর্বে সংগৃহীত ই-বর্জ্য পরিবেশসম্মতভাবে নিরাপদ সংরক্ষণ নিশ্চিত করিবে;

৩) ই-বর্জ্যের নিরাপদ পরিবহন নিশ্চিত করিবে;

৪) ই-বর্জ্য সংগ্রহ ও সংরক্ষণের সময় পরিবেশ ও প্রতিবেশের কোনো ক্ষতি সাধিত হইবে না মর্মে নিশ্চিত করিবে;

৫) এই বিধিমালার নিধারিত ফরম-১ আনুসারে ই-বর্জ্য পরিচালনা সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ করিবে এবং যথাযথ কর্তৃপক্ষের পর্যবেক্ষণের জন্য উপস্থাপন করিবে।

৬) এই বিধিমালার নির্ধারিত ফরম-২ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে ই-বর্জ্য সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে;

৯। **ব্যক্তিগতভোক্তা অথবা বড় ব্যবহারকারীর/প্রাতিষ্ঠানিক ভোক্তার দায়িত্ব**।- এই বিধিমালার বিধান সাপেক্ষে ভোক্তাগণ বা বড় ব্যবহারকারী/প্রাতিষ্ঠানিক ভোক্তাগণ নিম্নোক্ত দায়িত্ব পালন করিবে -

১) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের ব্যাক্তিগত ভোক্তা বা বড় ব্যবহারকারী বা প্রতিষ্ঠান তাহাদের ই-বর্জ্যসমূহ কোন নির্দিষ্ট দোকানদার বা ব্যবসায়ী বা মজুদকারী অথবা কোনো সংগ্রহ কেন্দ্রে জমা দিবেন;

২) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের বড় ব্যবহারকারী/প্রতিষ্ঠান এই মর্মে নিশ্চিত করিবে যে তাহাদের ই-বর্জ্য নিলামে বিক্রয় করিয়াছে বা কোনো নির্দিষ্ট ব্যবসায়ী বা কোনো অনুমোদিত সংগ্রহ কেন্দ্র বা কোনো মেরামতকারী বা কোনো নিবন্ধিত চূর্ণকারী বা কোনো পুনঃব্যবহারোপযোগীকরণকারী বা কোনো সংগ্রহকারক বা মেরামত সুবিধা প্রাপ্তির জন্য প্রস্তুতকারকের নিকট জমা দিয়াছেন;

৩) বড় ব্যবহারকারী/প্রাতিষ্ঠানিক ভোক্তাগণ এই বিধিমালার নিধারিত ফরম-১ আনুসারে ই-বর্জ্য পরিচালনা সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ করিবে এবং যথাযথ কর্তৃপক্ষের পর্যবেক্ষণের জন্য উপস্থাপন করিবে;

৪) বড় ব্যবহারকারী/প্রাতিষ্ঠানিক ভোক্তাগণ এই বিধিমালার নির্ধারিত ফরম-২ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে ই-বর্জ্য সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে।

১০। **চূর্ণকারীর দায়িত্ব -** প্রত্যেক চূর্ণকারী নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করিবে।-

১) এই বিধিমালার বিধি ১২ ও ১৪ অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে নিবন্ধন ও ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;

২) ই-বর্জ্য সংরক্ষণ বা মজুদ এবং পরিবহনের মাধ্যমে পরিবেশের এবং জনস্বাস্থ্যের কোনো রূপ ক্ষতি সাধিত হইবে না মর্মে নিশ্চিত করিবে এবং সংশ্লিষ্ট শ্রমিকদেরকে ই-বর্জ্যের স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে অবহিত করিবে;

৩) চূর্ণ প্রক্রিয়ার মাধ্যমে পরিবেশ বা জনস্বাস্থ্যের উপর কোনোরূপ বিরূপ প্রভাব পড়িবে না মর্মে নিশ্চিত করিবে;

৪) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত দিক নির্দেশনা অনুযায়ী চূর্ণ প্রক্রিয়াজাতকরণ নিশ্চিত করিবে;

৫) চূর্ণ ই-বর্জ্য পৃথক করা হইয়াছে এবং তাহা পুনঃরূদ্ধারে জন্য নিবন্ধিত পুনঃব্যবহারোপযোগীকরণ স্থানে পাঠানো হইয়াছে তাহা নিশ্চিত করিবে;

৬) পরিত্যজন বা ধ্বংসকরণ অংশবিশেষ অনুমোদিত প্রক্রিয়াকরণ গুদামে বা ভস্মীভূতকরণ স্থানে পাঠানো নিশ্চিত করিবে;

৭) এই বিধিমালার নিধারিত ফরম-১ আনুসারে ই-বর্জ্য পরিচালনা সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ করিবে এবং যথাযথ কর্তৃপক্ষের পর্যবেক্ষণের জন্য উপস্থাপন করিবে;

৮) এই বিধিমালার নির্ধারিত ফরম-২ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে ই-বর্জ্য সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে;

৯) নিশ্চিত করিবে যে, চূর্ণকরণ স্থান এবং পদ্ধতি পরিবেশ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত নিয়মানুযায়ী হইবে;

১০) কোন আবাসিক এলাকা এবং হাসপাতাল/শিক্ষা প্রতিষ্ঠানের নিকটে বা সংলগ্ন এলাকায় কোন চূর্ণকরণ প্ল্যান্ট স্থাপন করা যাইবে না;

১১) যেসকল ই-বর্জ্যসমূহ (ফ্লুরোসেন্ট এবং মারকারী যুক্ত ল্যাম্পসমূহ) পূর্ণ প্রক্রিয়াকরণ সম্ভব নয় সেসকল ই-বর্জ্যসমূহ চূর্ণকারী পরিবেশসম্মতভাবে মজুদ বা গুদামজাত এবং নিস্পত্তির ব্যবস্থা (Treatment Storage and Disposal Facility) গ্রহণ নিশ্চিত করিতে হইবে। ফ্লুরোসেন্ট এবং মারকারী যুক্ত ল্যাম্পসমূহের নিস্পত্তির পূর্বে পারদ নিশ্চল (immobilise) এবং বর্জ্য আয়তন হ্রাস করার লক্ষ্যে একটি প্রয়োজনীয় প্রাক-ব্যবস্থা (Pre treatment) নিশ্চিত করতে হইবে;

১১। **পুনঃপ্রক্রিয়াজাতকারীর দায়িত্ব**।- প্রত্যেক **পুনঃপ্রক্রিয়াজাতকারী** নিম্নোক্ত দায়িত্ব পালন করিবে-

১) এই বিধিমালার বিধি ১২ ও ১৪ এর বিধান অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে নিবন্ধন ও ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;

২) আন্তর্জাতিক মান বা সময় সময় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুযায়ী নিশ্চিত করিবে;

৩) পুনঃপ্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত সকল তথ্য পরিবেশ অধিদপ্তরের পর্যবেক্ষণের সুবিধার্থে উপস্থাপন করিবে;

৪) পুনঃপ্রক্রিয়াজাতকরণের সময় উৎপাদিত উচ্ছিস্ট বিপদজনক বর্জ্য প্রক্রিয়াকরণ গুদামে পরিবেশসম্মতভাবে গুদামজাত নিশ্চিত করিবে;

৫) ই-বর্জ্য সংরক্ষণ বা মজুদ এবং পরিবহনের মাধ্যমে পরিবেশের এবং জনস্বাস্থ্যের কোনো রূপ ক্ষতি সাধিত হইবে না মর্মে নিশ্চিত করিবে;

৬) পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্রক্রিয়ার মাধ্যমে পরিবেশ বা জনস্বাস্থ্যের উপর কোনোরূপ বিরূপ প্রভাব পড়িবে না মর্মে নিশ্চিত করিবে;

৭) এই বিধিমালার নিধারিত ফরম-১ আনুসারে ই-বর্জ্য পরিচালনা সংক্রান্ত নথি রক্ষণাবেক্ষণ করিবে এবং যথাযথ কর্তৃপক্ষের পর্যবেক্ষণের জন্য উপস্থাপন করিবে;

৮) এই বিধিমালার নির্ধারিত ফরম-৩ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে ই-বর্জ্য সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে;

৯) ই-বর্জ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মীদের ই-বর্জ্যের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করিতে হইবে।

১২। **ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য** নিবন্ধন **গ্রহণ পদ্ধতি**।-

১) প্রত্যেক ই-বর্জ্য প্রস্তুতকারক, ব্যবসায়ী বা দোকানদার, মজুদকারী, পরিবহনকারী, মেরামতকারী, সংগ্রহ কেন্দ্র, চূর্ণকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী, নিলাম বিক্রেতা এবং রপ্তানিকারক পরিবেশ অধিদপ্তর হইতে নিবন্ধন গ্রহণ করিবে;

২) প্রত্যেক ই-বর্জ্য প্রস্তুতকারক, ব্যবসায়ী বা দোকানদার, মজুদকারী, পরিবহনকারী, মেরামতকারী, সংগ্রহ কেন্দ্র, চূর্ণকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী, নিলাম বিক্রেতা এবং রপ্তানিকারক এই বিধিমালার ফরম-৪ বা ৫ অনুযায়ী নিবন্ধন গ্রহণের জন্য পরিবেশ অধিদপ্তরে আবেদন করিবে;

৩) নিবন্ধন গ্রহণের আবেদন প্রাপ্তির পর পরিবেশ অধিদপ্তর যদি মনে করে যে ই-বর্জ্য নিরাপদে পরিচালনার জন্য আবেদনকারী যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করিয়াছে এবং প্রযুক্তিগত দিক থেকে পর্যাপ্ত সামর্থ্যবান তবে এই বিধিমালার বিধান অনুযায়ী প্রেরিত আবেদন ৩০ দিনের মধ্যে ফরম-৬ অনুযায়ী নিবন্ধিত হইবে এবং ক্ষুদ্র ব্যবসায়ী বা দোকানদার, মজুদকারী, পরিবহনকারী, মেরামতকারী ব্যতীত এই নিবন্ধনের মেয়াদ হইবে অনধিক ৩(তিন) বৎসর;

৪) নিবন্ধনের পর কোনো কারণে যদি পরিবেশ অধিদপ্তর তা বাতিল করে তবে আবেদনকারীকে তাহার পক্ষে কারণ দর্শানোর যৌক্তিক সুযোগ প্রদান করিবে;

৫) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রতিটি প্রতিষ্ঠান ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য পরিচালনার হিসাব প্রস্তুতপূর্বক সংরক্ষণ করিবে এবং তাহা যথাযথ কর্তৃপক্ষ চাহিবামাত্র উপস্থাপন করিবে;

৬) এই বিধিমালার নির্ধারিত ফরম-২ অনুযায়ী প্রস্তুতকারক/সংযোজনকারী, সংগ্রহকারী, চূর্ণকারী এবং পূনঃব্যবহারপোযোগীকরণকারী এবং রপ্তানিকারক কর্তৃক প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে ই-বর্জ্য সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে;

৭) নিবন্ধন নবায়ন করার জন্য আবেদনকারী অনুমোদনের মেয়াদ শেষ হইবার কমপক্ষে ৩০ দিন আগে পরিবেশ অধিদপ্তরে আবেদন করিবে এবং পরিবেশ অধিদপ্তর যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, তাহার বিরূদ্ধে আইন ও বিধিমালা ভঙ্গের কোনো অভিযোগ নাই এবং প্রদত্ত শর্ত আবেদনকারী সঠিকভাবে প্রতিপালন করিয়াছে তবে তাহা নবায়ন করিবে;

৮) প্রত্যেক প্রস্তুতকারক, ব্যবসায়ী বা দোকানদার, মজুদকারী, পরিবহনকারী, মেরামতকারী, সংগ্রহ কেন্দ্র, চূর্ণকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী, নিলাম বিক্রেতা এবং রপ্তানিকারক নিবন্ধন গ্রহণ সংক্রান্ত শর্ত পূরণ করিতে সব ধরণের পদক্ষেপ গ্রহণ করিবে;

৯) পরিবেশ অধিদপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ই-বর্জ্যের পরিবেশসম্মত সুষ্ঠু ব্যবস্থাপনা প্রতিপালিত হইতেছে কিনা তাহা পর্যবেক্ষণ করিবে এবং ই-বর্জ্যের পরিবেশসম্মত সুষ্ঠু ব্যবস্থাপনা সংক্রান্ত শর্ত যাহা এই বিধিমালায় উল্লেখ আছে তাহার তথ্য সংরক্ষণ করিবে এবং অফিস চলাকালীন সময়ে আগ্রহী ব্যক্তি বা ক্ষতিগ্রস্থ ব্যক্তির জন্য উন্মুক্ত করিয়া দিবে।

১৩। নিবন্ধন স্থগিত বা বাতিলের ক্ষমতা।-

১) পরিবেশ অধিদপ্তর যদি মনে করে যে নিবন্ধন গ্রহণকারী নিবন্ধনের কোনো শর্ত বা আইন বা বিধিমালার কোনো বিধান লংঘন করিয়াছে তবে নিবন্ধন গ্রহণকারীকে শুনানীর সুযোগ দিবে এবং শুনানী থেকে প্রাপ্ত তথ্য নথিবদ্ধ করিবে। শুনানী থেকে প্রাপ্ত তথ্য গ্রহণযোগ্য বিবেচিত না হইলে জনস্বার্থে এইরূপ নিবন্ধন বাতিল বা নির্দিষ্ট সময়ের জন্য স্থগিত করিতে পারিবে;

১৪। পরিবেশগত ছাড়পত্র গ্রহণ পদ্ধতি।–

১) ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে প্রত্যেক ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারক বা সংযোজনকারী বা ই-বর্জ্য চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারী পরিবেশ সংরক্ষণ বিধিমালার বিধি ৭-এ বর্ণিত বিধান অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে আবেদন করিবে এবং নবায়নের ক্ষেত্রেও পরিবেশ সংরক্ষণ বিধিমালার, ১৯৯৭-এর ৮ (২) ধারা প্রযোজ্য হইবে;

২) প্রত্যেক ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারক বা সংযোজনকারী বা ই-বর্জ্য চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারী এই বিধিমালার ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য সংক্রান্ত তথ্য সংরক্ষণ করিবে এবং এই বিধিমালার ফরম-২ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে পরিবেশ অধিদপ্তরে বার্ষিক প্রতিবেদন দাখিল করিবে;

৩) পরিবেশ অধিদপ্তর এই মর্মে নিশ্চিত হইবে যে, পুনঃব্যবহারোপযোগীকরণ প্রক্রিয়াটি পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত দিক নির্দেশনা অনুযায়ী পরিচালিত হইতেছে।

১৫। ই-বর্জ্য মজুদকরণ পদ্ধতি।-

১) প্রত্যেক প্রস্তুতকারক, ব্যবসায়ী বা দোকানদার, সংগ্রহ কেন্দ্র, চূর্ণকারী, মেরামতকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারী তাহাদের ই-বর্জ্য ১৮০ দিনের বেশি মজুদ রাখিবে না এবং ই-বর্জ্য সংগ্রহ, বিক্রয়, হস্তান্তর, মজুদ এবং বিভাজন সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করিবে এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক তদন্তের জন্য তাহা উপস্থাপন করিবে। উক্ত ই-বর্জ্য মজুদকরণের সময় পরিবেশ বান্ধব পদ্ধতি অবলম্বন করিতে হইবে;

তবে পরিবেশ অধিদপ্তর নিম্নবর্ণিত ক্ষেত্রে ই-বর্জ্য মজুদকরণের সময় বর্ধিত করিতে পারিবে-

ক. চূর্ণকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারীর বাৎসরিক মজুদকরণ ক্ষমতার উপর ভিত্তি করিয়া সর্বোচ্চ আরও ৯০ দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে।

খ. যেখানে ই-বর্জ্যের পরিবেশবান্ধব পুনঃব্যবহারোপযোগীকরণ করিতে নির্দিষ্ট সময় প্রয়োজন, সেই ক্ষেত্রে সময় বর্ধিত করিতে পারিবে।

২) মজুদকারী মজুদকরণ স্থানে পর্যাপ্ত অগ্নি নির্বাপণ ব্যবস্থা রাখিবে।

৩) ই-বর্জ্য যাতে মাটি, পানি, বায়ু তথা পরিবেশের সাথে সংমিশ্রন না ঘটে তার জন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিবে।

১৬। ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদনে বিপদজনক পদার্থ ব্যবহারের মানমাত্রা।-

১) প্রত্যেক ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারক তাহার পণ্য উৎপাদনে বিপদজনক পদার্থ ব্যবহারের ক্ষেত্রে এই বিধিমালার তফসিল-৪-এ বর্ণিত মানমাত্রা অনুসরণ করিবে। ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদনে বিপদজনক পদার্থ ব্যবহার হ্রাসকরণ কার্যক্রম এই বিধিমালা কার্যকরী হইবার দিন থেকে ৫ বছরের মধ্যে সম্পন্ন করিতে হইবে। তবে সরকার প্রয়োজন বোধে এই সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

২) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যে বিপদজনক পদার্থ ব্যবহার হ্রাসকরণের ক্ষেত্রে হ্রাসকরণ সংক্রান্ত যাবতীয় তথ্য অর্থাৎ কোন্ কোন্ বিপদজনক পদার্থ হ্রাস করা হইয়াছে এবং কোন্ কোন্ বিপদজনক পদার্থ বিদ্যমান রহিয়াছে তাহা পণ্য তথ্য বুকলেটে (product information booklet) সংযোজন করিতে হইবে।

৩) শুধুমাত্র তাহাদেরকে ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য আমদানি বা বাজারজাতকরণের অনুমোদন প্রদান করা হইবে যাহারা ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদনে বিপদজনক পদার্থ ব্যবহারের ক্ষেত্রে এই বিধিমালায় সংযুক্ত তফসিল-৪ এ বর্ণিত মানমাত্রা অনুসরণ করিয়াছে।

৪) প্রত্যেক ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারক এই বিধিমালার তফসিল ৪-এর প্রয়োজনীয় শর্তাবলী পূরণে সম্মতিজ্ঞাপনপূর্বক লিখিত বিবৃতি বা মুচলেকা প্রদান করিবে।

১৭। গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার ব্যতীত দাতব্য, অনুদান বা অন্য কোনো উদ্দেশ্যে কোনো পুরাতন বা ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের আমদানী অনুমোদন করা হইবে না। তবে গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবহারের নিমিত্ত আমদানীর পূর্বে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

১৮। বাৎসরিক প্রতিবেদন।-

১) বর্জ্যের বিশেষ ধরণ বিবেচনা করিয়া পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় অফিস প্রতিবছর ৩০ সেপ্টেম্বরের মধ্যে পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বাৎসরিক প্রতিবেদন দাখিল করিবে।

২) পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভিন্ন বিভাগ হইতে প্রাপ্ত প্রতিবেদন একত্রিত করিবে এবং তা পুনঃপরীক্ষা ও নির্দেশনার জন্য প্রতিবছর ৩০ নভেম্বরের মধ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

১৯। ই-বর্জ্য পরিবহন।-

১) ই-বর্জ্য পরিবহন অন্যান্য যেকোনো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের পরিবহনের মতই হইবে। তবে পরিবহন অবশ্যই পরিবেশ বান্ধব হইতে হইবে;

২) ই-বর্জ্য চূর্ণকরণ বা পুনঃব্যবহারোপযোগীকরণ বা পরিবেশ সম্মতভাবে ধ্বংসকরণের জন্য যদি অন্য বিভাগে বা দেশের অন্য প্রান্তে বা একই বিভাগে যেইস্থানে ই-বর্জ্য উপজাত হিসাবে উৎপন্ন বা সংগৃহীত হয় সেইস্থানে হইতে ই-বর্জ্য যেখানে প্রক্রিয়াজাত করা হয় সেইখানে পরিবহনের ক্ষেত্রে পরিবহনকারী তাহার পরিবহন সম্পর্কে পরিবেশ অধিদপ্তরকে অবহিত করিবে। তবে, ব্যক্তিগত ই-বর্জ্য পরিবহনের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না;

৩) পুনঃপ্রক্রিয়াজাতকরণের জন্য যেই প্রতিষ্ঠান ই-বর্জ্য পরিবহন করিতেছে সেই প্রতিষ্ঠান পরিবেশ বা জনস্বাস্থ্যের ক্ষতিরোধে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবে;

৪) ই-বর্জ্য পরিবহনে নিয়োজিত যানবাহনের চালককে ই-বর্জ্যের ক্ষতিকর দিক সম্পর্কে অবহিত করিতে হইবে।

২০। ই-বর্জ্য রপ্তানীকরণ।-

১) দেশে ই-বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ/পুনঃব্যবহারোপযোগীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা না থাকিলে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি সাপেক্ষে ই-বর্জ্য বিদেশে রপ্তানী করণকে উৎসাহিত করা হইবে;

২) ই-বর্জ্য রপ্তানীকারক এই বিধিমালার ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য সংক্রান্ত তথ্য সংরক্ষণ করিবে;

৩) ই-বর্জ্য রপ্তানীকারক এই বিধিমালার ফরম-২ অনুযায়ী প্রত্যেক অর্থবছর সমাপ্তির ৬০ দিনের মধ্যে বা তাহার পূর্বে পরিবেশ অধিদপ্তরে বার্ষিক প্রতিবেদন দাখিল করিবে;

২১। দুর্ঘটনাজনিত প্রতিবেদন দাখিল ও পরবর্তী কার্যক্রম গ্রহণ।- যে স্থানে ই-বর্জ্য প্রক্রিয়াজাত করা হয় সে স্থানে বা ই-বর্জ্য পরিবহনের সময় যদি কোনো দুর্ঘটনা সংঘটিত হয় তাহা হইলে প্রস্তুতকারক, পরিবহনকারী, চূর্ণকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী তাৎক্ষনিক এই বিধিমালার ফরম-৭ অনুযায়ী পরিবেশ অধিদপ্তর, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং বিস্ফোরক অধিদপ্তর এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা বরাবরে দুর্ঘটনার প্রতিবেদন দাখিল করিবে। যে প্রতিষ্ঠানের ই-বর্জ্য পরিবহন করা হইতেছে উক্ত প্রতিষ্ঠান দুর্ঘটনার ক্ষতিপূরণ প্রদানের জন্য দায়ী হইবেন।

২২। ই-বর্জ্য প্রস্তুতকারক, সংগ্রহ কেন্দ্র, পরিবহনকারী, চূর্ণকারী, মেরামতকারী এবং ব্যবহারোপযোগীকরণকারীর দায়সমূহ।-

১) ই-বর্জ্য প্রস্তুতকারক, সংগ্রহ কেন্দ্র, পরিবহনকারী, চূর্ণকারী, মেরামতকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারী এই বিধিমালায় পূর্বে নির্ধারিত দায়িত্বের উপর ভিত্তি করিয়া পরিবেশগত বা জনস্বাস্থ্যের যে কোন ক্ষতিসাধনের জন্য দায়ী হইবেন। ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ এবং যাহারা ই-বর্জ্য ধ্বংস এবং পরিচালনার কাজে নিয়োজিত তাদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টিও ক্ষতিপূরণে অন্তর্ভুক্ত হইবে।

২) ই-বর্জ্য প্রস্তুতকারক, সংগ্রহ কেন্দ্র, পরিবহনকারী, চূর্ণকারী, মেরামতকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারী যাহারা ২৩(১)-এর বিধান অনুযায়ী দায়ী হইবে তাহারা সাধনকৃত ক্ষতি সম্পর্কে পরিবেশ অধিদপ্তরকে অবগত করিবে এবং নিজ অর্থে পরিবেশগত এইরূপ ক্ষতিপূরণ করিতে বা ধ্বংসপ্রাপ্ত পরিবেশগত উপাদান পুনঃরূদ্ধার করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

৩) ই-বর্জ্য নিবন্ধিত ব্যবসায়ী বা সংগ্রহ কেন্দ্রে জমা দেয়ার জন্য ভোক্তাগণ দায়ী হইবেন এবং এইরূপ দায়িত্ব পালনে ব্যর্থ হইলে এই বিধিমালার অন্যান্য বিধান লংঘনে আইনে নির্ধারিত জরিমানা প্রদানে বাধ্য থাকিবে।

২৩। সরকারী প্রতিষ্ঠান সমূহের দায়িত্বসমূহঃ

১) ই-বর্জ্য সংগ্রহ, মজুদ, পরিবহন, মেরামত, চূর্ণকরণ, পুনঃব্যবহারোপযোগীকরণ এবং ধ্বংসকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম প্রয়োগযোগ্য আন্তর্জাতিক মান বা পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নির্দেশনা যাহা সবসময় প্রয়োগযোগ্য সেই অনুসারে পরিচালিত হইবে।

২) পরিবেশ অধিদপ্তর, সিটি কর্পোরেশন/পৌরসভাসহ সরকারের অন্যান্য সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান ই-বর্জ্য সংগ্রহ, পুনঃচক্রায়ন, পুনব্যবহার এবং ধ্বংসের বিষয়গুলো নিয়ন্ত্রণ করিবে। পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার বিষয়টি পরিবেশ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট সরকারী সংস্থা কর্তৃক পর্যবেক্ষণ করা হইবে।

৩) সিটি করপোরেশন/পৌরসভাসমূহ তাদের গৃহস্থালী বর্জ্য ফেলার স্থানে একটি সুনির্দিষ্ট স্থান ই-বর্জ্য ফেলার জন্য চিহ্নিত করিবে।

